# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College under University of Calcutta)**

**B.A./B.SC. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2013**

**THIRD YEAR**

**BENGALI (Honours)**

Date : 16/12/2013

Time : 11 am – 3 pm

Paper : V

Full Marks : 100

1. বাংলা গদ্যসাহিত্যে স্বামী বিবেকানন্দের অবদান নিয়ে আলোচনা করো।

**অথবা,**

প্রমথ চৌধুরীর গদ্য ‘বীরবলী স্টাইল’ হিসেবে জনপ্রিয় হয়েছিল —এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। [11]

2. যে কোনো একটি গ্রন্থ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
আলালের ঘরের দুলাল, সীতার বনবাস [4]

3. বাংলা সাময়িকপত্রের ইতিহাসে ‘দেশ’ পত্রিকার গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

**অথবা,**

লিটল ম্যাগাজিন কাকে বলবো? একালের লিটল ম্যাগাজিন সম্পর্কে তোমার বক্তব্য সংক্ষেপে লিপিবদ্ধ করো। [11]

4. টীকা লেখো (যে কোনো **<u>একটি</u>**) ঃ
সমাচার দর্পণ, পরিচয় [4]

5. ‘একা - কে গায় ওই’ রচনায় বঙ্কিমচন্দ্রের আত্মোপলব্ধির সুর কীভাবে শোনা যায়, ব্যাখ্যা করো।

**অথবা,**

‘বিড়াল’ লেখাটিতে বঙ্কিমচন্দ্রের সমাজচিন্তার পরিচয় কীভাবে পাও? [10]

6. ‘কেহ একা থাকিও না’ —বক্তা কে? কোন্ প্রসঙ্গে এই বক্তব্য?

**অথবা,**

‘মনুষ্যমাত্রই পতঙ্গ’ —‘পতঙ্গ’ রচনায় লেখক কোন্ প্রসঙ্গে এই সিদ্ধান্তে এসেছেন? [2]

7. ‘‘সকাল থেকে রাত পর্যন্ত পড়াশুনোর জাঁতাকল চলছেই।’’ —পড়াশুনোর আয়োজনের পরিচয়টি বিবৃত করো।

**অথবা,**

‘‘এইখানে বড়দাদার কথা বলে নেবার সময় এল।’’ বড়দাদার নাম কী? তাঁর কথা ‘ছেলেবেলা’ অনুসরণে বর্ণনা করো। [8]

8. ‘‘তখন ‘বঙ্গদর্শন’-এর ধুম লেগেছে, সূর্যমুখী আর কুন্দনন্দিনী আপন লোকের মতো আনাগোনা করছে ঘরে ঘরে।’’ —একটি একটি বাক্যে বঙ্গদর্শন, সূর্যমুখী, কুন্দনন্দিনীর পরিচয় দাও।

**অথবা,**

‘‘তিনি তখন জজিয়তি করছেন আমেদাবাদে, মেজবউঠাকরুন আর তাঁর ছেলেমেয়ে আছেন ইংলণ্ডে।’’ —‘তিনি’ কে? মেজবউঠাকরুন আর তাঁর ছেলেমেয়ের পরিচয় দাও। [2]

9. যে কোন **<u>দুটি</u>** প্রশ্নের উত্তর দাও। [2×10]
ক) শেক্স্‌পিয়ার-এর উল্লেখযোগ্য তিনটি ট্র্যাজেডির পরিচয়সূত্রে ট্র্যাজেডি রচনায় তাঁর কৃতিত্ব নিরূপণ করো।
খ) ডিকেন্স এর বিখ্যাত তিনটি উপন্যাস আলোচনার মাধ্যমে তাঁর জনপ্রিয়তার কারণগুলি নির্দেশ করো।
গ) বার্নার্ড শ’-এর নাট্যপ্রতিভার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে তাঁর প্রধান তিনটি নাটক সম্পর্কে বিশদ আলোচনা করো।
ঘ) ওয়ার্ড্‌স্‌ওয়ার্থ-এর কাব্যবৈশিষ্ট্য নিয়ে আলোচনা করো।

10. টীকা লেখো (যে কোন **<u>একটি</u>**) ঃ [4]
অ্যাডোনেইস, ওয়েস্টল্যান্ড

11. যে কোন **<u>দুটি</u>** প্রশ্নের উত্তর দাও। [2×10]
ক) কালিদাসের দুটি বিখ্যাত কাব্য আলোচনা করে কবি হিসেবে তাঁর অনন্যতা প্রতিষ্ঠা করো।

খ) নিরবধি কাল এবং বিপুলা পৃথ্বী-তে ভবভূতির আস্থা ব্যর্থ হয়নি। তাঁর রচনা আলোচনার সূত্রে বিষয়টি ব্যাখ্যা করো।

গ) সংস্কৃত সাহিত্যে শূদ্রকের স্থান নিরূপণ করো এবং তাঁর নাট্যপ্রতিভার মূল্যায়ণ করো।

ঘ) সংস্কৃত সাহিত্যে 'গীতগোবিন্দ' রচনাটির গুরুত্ব সম্পর্কে লেখো।

12. টীকা লেখো (যে কোন **<u>একটি</u>**) ঃ [4]

বসন্তসেনা চরিত্র, অভিজ্ঞান শকুন্তলম্